

# ICBM 2021

3rd International Conference on Business and Management

ব্র্যাক বিজনেস স্কুল এর পক্ষ থেকে আমাদের শুভেচ্ছা জানবেনা আশাকরি আপনি এই আপদকালীন পরিস্থিতিতে নিরাপদে আছেন।

আমরা আনন্দের সঙ্গে জানাচ্ছি যে ব্র্যাক বিজনেস স্কুল এ বছর তৃতীয় বারের মত দ্বিবার্ষিক আন্তর্জাতিক ব্যবসায় প্রশাসন ও ব্যবস্থাপনা সম্মেলন (**International Conference on Business and Management-ICBM**) আয়োজন করতে চলেছে। এই আন্তর্জাতিক সম্মেলনটি এ বছরের ডিসেম্বর মাসের ১১ এবং ১২ তারিখে অনুষ্ঠিত হবে। করোনা পরিস্থিতির কারণে সম্মেলনটি পূর্ণাঙ্গরূপে অনলাইন এ পরিচালিত হবে। "বাংলাদেশের স্বাধীনতার পঞ্চাশ বছর ও কোভিড পরিস্থিতি উত্তরণের আলোকে টেকসই ও সার্বজনীন বৈশ্বিক উন্নয়ন" (**"Fostering Sustainable and Equitable Global Development: Building on 50 Years of Independence of Bangladesh and Overcoming Challenges of COVID-19"**) সম্মেলনের মূল বিষয় তথা ভাবধারা হিসেবে এ বছর নির্ধারণ করা হয়েছে। সম্মেলনটি দেশীয় এবং আন্তর্জাতিক পরিমণ্ডলের বিভিন্ন ডিসিপ্লিনের শিক্ষক, শিক্ষার্থী, গবেষক, তথা অর্থনীতি ও ব্যবসায়িক সেক্টরে কর্মরত পেশাদার ব্যক্তিবর্গকে আকৃষ্ট করবে এবং তাঁদের বিভিন্ন গবেষণাপত্র ও বিজ্ঞ মতামত জ্ঞাপনের একটি মঞ্চ হিসেবে গুরুত্বসহকারে বিবেচিত হবে বলে আমরা বিশ্বাস করি। ব্যবসায় প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক গবেষণালব্ধ নতুন জ্ঞান ও বিভিন্ন সেক্টরে কর্মরত এ সংক্রান্ত সম্মানিত পেশাদারদের অভিজ্ঞতার নিরিখে প্রাপ্ত বিভিন্ন অধুনা দিক নির্দেশনা এই সম্মেলনে পরিবেশিত হবে- যা সম্মেলন হতে একটি বড় প্রাপ্তি বলে বিবেচিত হবে আশা করি।

আমরা ব্যবসায় প্রশাসন, ব্যবস্থাপনা ও তদসংক্রান্ত বিষয়ে আগ্রহী শিক্ষাবিদ, শিক্ষার্থী, বিভিন্ন কর্পোরেট এবং অলাভজনক প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও নেতৃত্বান্বিত ব্যক্তিবর্গ, সরকারি নীতিনির্ধারক, নিয়ন্ত্রক, এবং উন্নয়নমূলক কর্মকাণ্ডে কর্মরত ব্যক্তিবর্গকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি। এই সম্মেলনে অংশগ্রহণ করে গবেষণাপত্র উপস্থাপন, বিশেষ সেশন পরিচালনা, ও সেশন চেয়ার হিসেবে সেশন কর্মকাণ্ডে নির্দেশনা প্রদান করবার জন্য। তদুপরি সাধারণ অংশগ্রহণকারী হিসেবে সম্মেলনে অংশ নেবার জন্যেও আমরা এই সকল ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানাচ্ছি।

সম্মেলনের কার্য পরিচালনার ভাষা ইংরেজী। তবে প্রায় সকল সেশন ইংরেজি ভাষায় পরিবেশিত ও পরিচালিত হলেও কিছু সেশন বাংলাতে উপস্থাপিত হবে। সম্মেলন সম্পর্কে আরো বিশদ জানবার জন্য আমরা **'Call for Paper and Participation'** শীর্ষক দলিলটির প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। নিম্নবর্ণিত প্ল্যাটফর্মসমূহের মাধ্যমেও আপনি সম্মেলন সংক্রান্ত তথ্য ও সংবাদ আহরণ করতে সক্ষম হবেন:

ওয়েবসাইট	:	<a href="http://icbm.bracu.ac.bd">http://icbm.bracu.ac.bd</a>
ফেসবুক	:	<a href="https://www.facebook.com/International-Conference-on-Business-and-Management-2021-109661658028243">https://www.facebook.com/International-Conference-on-Business-and-Management-2021-109661658028243</a>
লিংকডইন	:	<a href="https://www.linkedin.com/company/international-conference-on-business-and-management-2021">https://www.linkedin.com/company/international-conference-on-business-and-management-2021</a>
ইমেইল	:	<a href="mailto:bbs.icbm@bracu.ac.bd">bbs.icbm@bracu.ac.bd</a>
টেলিফোন	:	+8801714057593, +8801714057586

উপরে বর্ণিত সম্মেলন সংক্রান্ত তথ্যের নিরিখে আমরা আশা করব যে আপনি ও আপনারা সম্মেলনে গবেষণাপত্র উপস্থাপন করে, ও অনুষ্ঠান পরিচালনায় বিভিন্ন পদ গ্রহণপূর্বক আমাদের এই সম্মেলনে অংশগ্রহণের মাধ্যমে এটিকে সর্বঙ্গীন সাফল্যে মণ্ডিত করবেন। **পরিশেষে** আপনার অন্যান্য সহকর্মীদেরও এই সম্মেলনে যোগদানের আমন্ত্রণ জানানোর জন্য আপনাকে বিশেষ অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

ডক্টর স্যাং লী  
সম্মেলন সভাপতি,  
অধ্যাপক এবং ডিন  
ব্র্যাক বিজনেস স্কুল

ডক্টর মোহাম্মদ আব্দুল হক  
সম্মেলন সহ-সভাপতি,  
অধ্যাপক,  
ব্র্যাক বিজনেস স্কুল

ডক্টর মোহাম্মদ মুজিবুল হক  
সম্মেলন সহ-সভাপতি  
অধ্যাপক এবং অ্যাসোসিয়েট ডিন  
ব্র্যাক বিজনেস স্কুল